দৈনিক ইত্তেফাক

তারিখ 25 JAN 1993
পৃষ্ঠা ২ কলাম ৫

## ডিগ্রীর অবমূল্যায়ন প্রসঙ্গে

গত ১৩ই জানুয়ারী দৈনিক ইত্তেফাকে বাংলাদেশের স্নাতক পর্যায়ে ডিগ্রীর মান মূল্যায়নে বৃটেনের দৃষ্টিভঙ্গি প্রতিফলিত হইয়াছে। রিপোর্টার উল্লেখ করিয়াছেন যে, স্বাধীনতার পর হইতে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী, '৮৩ হইতে ঢাকা মেডিক্যাল কলেজের ডিগ্রী ও '৮৪ হইতে স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজের ডিগ্রী ছাড়া বাংলাদেশের আর কোন ডিগ্রী বৃটেনে স্নাতকোত্তর অধ্যয়নের জন্য স্বীকৃত নয়। রিপোর্টার মহোদয়ের সদয় অবগতি ও পাঠকদের উদ্দেশে জানাইতে চাই যে, স্বাধীনতার পর হইতেই বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিষয়ক স্নাতক (সম্মান) ডিগ্রী বৃটেনে স্বীকৃত। এ বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক (সম্মান) ডিগ্রী অর্জনকারীদের প্রায় অধিকাংশই বৃটেন স্নাতকোত্তর ডিগ্রী (এমএস/পিএইচডি) অর্জন করিয়া স্ব স্ব কর্মক্ষেত্রে নিয়োজিত আছেন। বৃটিশ কাউন্সিল বি,টি,এ, স্কলারশীপ প্রদানের মাধ্যমে এ ডিগ্রী অর্জনের সুযোগ দিয়া থাকে। শুধু বৃটেন কেন সারাবিশ্বেই বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী অর্জনকারী শিক্ষার্থীরা স্নাতকোত্তর কোর্সের (এম এস/পি এইচ, ডি) অধ্যয়নের অবাধ সুযোগ এবং স্বীকৃতি পাইয়াছে।

—মোঃ রফিকুল ইসলাম,
প্রভাষক উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ,
পটুয়াখালী কৃষি কলেজ।